অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/30/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল শূন্য-নির্গমন ট্রাকের ব্যবহারে রূপান্তর করার জন্য বিধি অবলম্বন করার কথা ঘোষণা করেছেন

দূষণ কমাতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ের জন্য নতুন উন্নত ক্লিন ট্রাক নিয়ম শূন্য-নির্গমন যানবাহন বিক্রয় আবশ্যক করে

ক্ষতিকারক পরিবহন নির্গমন হ্রাস জলবায়ু আইনের আবশ্যকতা অর্জন করতে সহায়তা করে এবং স্বাস্থ্যকর সম্প্রদায় তৈরি করে

গভর্নর ক্যাথি হোচুল আজ নিউ ইয়র্কের অ্যাডভান্সড ক্লিন ট্রাক নিয়ম অবলম্বন করার সাথে ক্ষতিকারক ট্রাকের নির্গমন হ্রাসের ক্ষত্রে একটি উল্লেখযোগ্য মাইলফলকের ঘোষণা করেছেন। এই বিধিগুলি, যা প্রথম সেপ্টেম্বর মাসে জলবায়ু সপ্তাহের গভর্নরের স্মারক এর সময় প্রস্তাব করা হয়, রাজ্যের ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট (Climate Leadership and Community Protection Act, CLCPA) এর উচ্ছলভিলাষী লক্ষ্যগুলি অর্জন করতে সহায়তার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ হবে শূন্য-নির্গমন ট্রাকের বিক্রয় এবং ব্যবহার পর্যায়ক্রমে বৃদ্ধি করে এবং তাদের ক্ষতিকারক দূষকগুলি হ্রাস করে, যা অসমানুপতিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলীর স্বাস্থ্যের এবং সুস্থতার উপর প্রভাব ফেলে।

"নিউ ইয়র্ক জলবায়ু সংকট মোকাবেলায় জাতিকে নেতৃত্ব দিয়ে চলেছে, জীবাশ্ম জ্বালানির উপর আমাদের নির্ভরতা শেষ করছে এবং পরিচ্ছন্ন শক্তিতে রূপান্তর করার জন্য সাহসী পদক্ষেপ গ্রহণ করছে," **গভর্নর হোচুল বলেন।** "আমরা যে বিধিগুলি গ্রহণ করছি তা আমাদের দূষণ এবং নির্গমন কমাতে সাহায্য করবে, পরিচ্ছন্ন বৈদ্যুতিক ট্রাকগুলিতে রূপান্তরণ শুরু করবে এবং আমাদের রাজ্য জুড়ে বহুগুলি সম্প্রদায়গুলিকে জর্জরিত করা পরিবেশগত অবিচারের সমাধান করতে সাহায্য করবে।"

স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের (State Department of Environmental Conservation, DEC) দ্বারা চূড়ান্ত করা নতুন অ্যাডভান্সড ক্লিন ট্রাকস (Advanced Clean Trucks, ACT) নিয়ম নিউ ইয়র্ক স্টেটে 8,500 পাউন্ডের বেশি গাড়ির নির্মাতাদের ক্রমবর্ধমান সংখ্যক শূন্য-নির্গমন যান (zero-emission vehicles, ZEV) বিক্রি করা আবশ্যক করে। বিধিটি নিউ ইয়র্কের সম্প্রতি গৃহীত আইনের পরিপূরক যা 2045 সালের মধ্যে রাজ্যে বিক্রির বা লিজের জন্য অফার করা বা বিক্রি বা লিজ করা মিডিয়াম ডিউটি এবং হেভি ডিউটি যে যানগুলি নিবন্ধন করা হবে তার 100 শতাংশ শূন্য-নির্গমন হওয়ার লক্ষ্য প্রতিষ্ঠা করে,

যেখানে তা সম্ভব। ACT বিধির ফলে ডিজেল ট্রাক দূষণের কারণে অসমানুপতিকভাবে প্রভাবিত হওয়া সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে কণা, নাইট্রোজেন অক্সাইড এবং বিষাক্ত দূষক নির্গমন উল্লেখযোগ্য পরিমাণ হ্রাস পাবে।

DEC কমিশনার বাসিল সেগোস বলেছেন, "গত বছর, আমরা CLCPA-এর আবশ্যকতাগুলি বাস্তবায়ন করতে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলিকে চালিত করে এমন নির্গমন কমাতে বাস্তব পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে অবিশ্বাস্য অগ্রগতি লাভ করেছি এবং 2022 এর এক দুর্দান্ত সূচনা হয়েছে এই বিধিটি চূড়ান্তকরণের সাথে। এটি রাজ্য জুড়ে সড়কপথে মিডিয়াম ডিউটি এবং হেভি ডিউটি ট্রাকের দ্বারা সৃষ্ট দূষণকে ব্যাপকভাবে হ্রাস করতে সাহায্য করার জন্য আমাদের জলবায়ু লক্ষ্যগুলি অর্জনের জন্য এবং আমাদের চলমান কাজগুলির প্রতি গভর্নর যে অঙ্গীকারবদ্ধতা দেখাচ্ছেন তার একটি প্রমাণ।"

নিউ ইয়র্ক জুলাই 2020-এ একটি মাল্টি-স্টেট ZEV মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং এ স্বাক্ষরকারী ছিল, যা বড় পিকআপ ট্রাক এবং ভ্যান, ডেলিভারি ট্রাক, বক্স ট্রাক, স্কুল ও পরিবহনের বাস, এবং দূরপাল্লার ডেলিভারি ট্রাক সহ বৈদ্যুতিক মিডিয়াম ও হেভি ডিউটি যানের জন্য বাজার অগ্রসর ও ত্বরান্বিত করতে এক সাথে সহযোগিতামূলকভাবে কাজ করার জন্য এক অঙ্গীকারবদ্ধতা প্রতিষ্ঠা করেছিল। নিউ ইয়র্ক ক্যালিফোর্নিয়া, নিউ জার্সি, ওয়াশিংটন এবং ওরেগনের সাথে যোগদান করছে ACT অবলম্বন করার ক্ষেত্রে।

রাজ্য পরিবহন দপ্তরের (State Department of Transportation) কমিশনার মারি থেরেস ডমিনগুয়েজ বলেন, "আজকের ঘোষণা গ্রীনহাউস নির্গমন কমাতে পরিবহন খাত যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তার উপর নজর নিবদ্ধ করে এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য একটি স্বাস্থ্যকর এবং নিরাপদ পরিবেশ সমর্থন করতে সাহায্য করে। গভর্নর হোচুলের এই সাহসী পদক্ষেপটি জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে একটি বিশ্বনেতা হিসাবে নিউ ইয়র্ক রাজ্যের স্থিতি আরো বেশি করে তুলে ধরে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং সিইও ডোরিন এম. হ্যারিস বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট যখন আমাদের অর্থনীতিকে কার্বন মুক্ত করতে এবং গ্রিনহাউস গ্যাস কমানোর জন্য কাজ করছে, তখন জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার জন্য আমাদের কাজের অংশ হিসাবে শূন্য-নির্গমন ট্রাকের বিধি কার্যকর হতে দেখা আনন্দ দেয়। বেসরকারী খাত, স্থানীয় সম্প্রদায় এবং গ্রাহকদের সাথে এক সাথে, আমরা একটি উজ্জ্বল ভবিষ্যতের পথ নির্ধারণ করছি যা সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য পরিচ্ছন্ন বাতাস এবং স্বাস্থ্যকর সম্প্রদায়ের প্রস্তাব দেয়।"

রাজ্যে 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস (greenhouse gas, GHG) নির্গমন 85 শতাংশ কমাতে নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act, CLCPA) প্রয়োজনীয়তা পূরণের জন্য ACT অবলম্বন করা গুরুত্বপূর্ণ। বিধিটি কেনার বিকল্প হিসেবে জন্য উপলব্ধ মিডিয়াম এবং হেভি ডিউটি ZEV মডেলের সংখ্যার বৃদ্ধিকে চলিত করবে মিডিয়াম এবং হেভি ডিউটি যান ও বহরের ক্রেতাদের

জন্য। ACT দীর্ঘমেয়াদী যানবাহন ক্রয়ের সিদ্ধান্তের জন্য একটি স্থিতিশীল বাজারকে সমর্থন করার জন্য প্রয়োজনীয় নিয়ন্ত্রক নিশ্চিয়তা প্রদান করে এবং হাইড্রোজেন রিফুয়েলিংয়ের সম্ভাব্যতা সহ মিডিয়াম এবং হেভি ডিউটি ZEV চার্জিং পরিকাঠামোর উন্নয়ন করে।

মডেল বছর 2025 থেকে শুরু করে, প্রযোজ্য নির্মাতারা নিউ ইয়র্কে মিডিয়াম এবং হেভি ডিউটি যানবাহনের বিক্রয়ের মোট সংখ্যার উপর ভিত্তি করে প্রতি বছর ঘাটতি বহন করবে। এই ঘাটতিগুলি মিডিয়াম এবং হেভি ডিউটি ZEV বা প্রায় শূন্য নির্গমন যানের (near zero emission vehicles, NZEVs) বিক্রয় থেকে উৎপন্ন ক্রেডিট দ্বারা পরিশোধ করা হবে। মিডিয়াম এবং হেভি ডিউটি ZEV এবং NZEV ক্রেডিটগুলি যানবাহনের নির্মাতাদের দ্বারা তৈরি, ব্যাঙ্ক করা এবং লেনদেন করা যেতে পারে। ক্রেডিটের একটি সীমিত জীবনকাল থাকবে নিউ ইয়র্কে অব্যাহত মিডিয়াম এবং হেভি ডিউটি ZEV বিক্রয় নিশ্চিত করতে। মডেল বছর 2035 পর্যন্ত বিক্রয়ের আবশ্যকতা বার্ষিক ভিত্তিতে বৃদ্ধি পাবে।

সম্পূর্ণ বিধিটি https://www.dec.ny.gov/regulations/propregulations.html#recent এ উপলব্ধ

পরিবহন খাতের কার্বন মুক্তকরণ সমর্থন করার জন্য, নিউ ইয়র্ক স্টেট ইতিমধ্যেই শূন্য-নির্গমনের মিডিয়ান ও হেভি ডিউটি ট্রাকে রূপান্তরণ ত্বরান্বিত করার জন্য ইতিমধ্যেই বেশ কয়েকটি মূল কর্মসূচি বাস্তবায়ন করেছে, যার মধ্যে আছে নিউ ইয়র্ক ট্রাক ভাউচার ইনসেনটিভ প্রোগ্রাম এবং ইউটিলিটি-ভিত্তিক বহর মূল্যায়ন পরিষেবা নিউ ইয়র্ক সিটি ক্লিন ট্রাকস প্রোগ্রাম, যা একটি 15 মিলিয়ন ডলারের মিডিয়াম ও হেভি ডিউটি মেক-রেডি পাইলট প্রোগ্রাম, এবং একটি 24 মিলিয়ন ডলারের ইলেকট্রিক ট্রাক এবং বাস চ্যালেঞ্জ পুরস্কার প্রতিযোগিতা। নিউ ইয়র্ক স্টেট এজেন্সি এবং কর্তৃপক্ষগুলি ফেডারেল ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট অ্যান্ড জবস অ্যাক্টের (Infrastructure Investment and Jobs Act, IIJA) মাধ্যমে প্রদত্ত ফেডারেল তহবিল পাওয়ার চেষ্টা করবে যাতে সুবিধাবঞ্চিত সম্প্রদায় এবং গ্রামীণ অ্যাপ্লিকেশনগুলির জন্য বিবেচনা করা সহ নিউ ইয়র্ক স্টেটে মিডিয়াম ও হেভি ডিউটি ZEV পরিকাঠামোর উন্নয়ন উন্নত করা হয়। এছাড়াও, DEC এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) সম্প্রতি গৃহীত আইন দ্বারা আবশ্যক একটি শূন্য-নির্গমন যানবাহনের বাজার উন্নয়ন কৌশলের অংশ হিসাবে প্রণোদনা উদ্যোগগুলি আরও বিকশিত ও প্রসারিত করতে অন্যান্য রাজ্য সংস্থাগুলির সাথে পরামর্শ করবে। এই প্রক্রিয়াটি 2023 সালের জানুয়ারির মধ্যে সম্পন্ন হবে, DEC-এর ACT বিধির আওতাভুক্ত 2025 বছরের মডেলের গাড়ির বিক্রির আগে।

এই বিধিটি একটি এককালীন বৃহৎ সত্তার বহরের রিপোর্টিং এর প্রয়োজনীয়তাও প্রতিষ্ঠা করে। সংক্রান্ত মিডিয়াম এবং হেভি-ডিউটি বহরগুলিকে এপ্রিল 1, 2023 এর মধ্যে 2023-তে একটি এককালীন রিপোর্ট জমা দিতে হবে। রিপোর্ট করা তথ্য শূন্য-নির্গমন মিডিয়াম এবং হেভি ডিউটি যানবাহন অবলম্বন করাকে ত্বরান্বিত করার জন্য ভবিষ্যতের কৌশলগুলি সনাক্ত করতে সহায়তা করবে।

নিউ ইয়র্ক সিটি এনভায়রনমেন্টাল জাস্টিস অ্যালায়েন্সের (New York City Environmental Justice Alliance) নির্বাহী পরিচালক এডি বাউটিস্তা বলেছেন, "গভর্নর

হোচুলের ঘোষণা নিউ ইয়র্ক জুড়ে কৃষ্ণাঙ্গ এবং বাদামী সম্প্রদায়ের জন্য স্বস্তির শ্বাস নিয়ে আসবে যারা বহু বছর ধরে ট্রাক দূষণের ফলে চাপে আছেন। শূন্য-নির্গমন ট্রাকে রূপান্তর করা আমাদের পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর বায়ু প্রদান করবে এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের বহু বাসিন্দাদের, যারা হাঁপানি এবং অন্যান্য শ্বাসকষ্টজনিত অসুস্থতায় ভোগেন, তাদের স্বস্তি দেবে।"

ক্যাথি হ্যারিস, প্রাকৃতিক সম্পদ প্রতিরক্ষা কাউন্সিলের (Natural Resources Defense Council) পরিচ্ছন্ন যানবাহন এবং জ্বালানীর আইনজীবী বলেন, "ACT নিয়মটি গুরুত্বপূর্ণ কারণ জীবাশ্ম জ্বালানী-চালিত ট্রাকগুলির দূষণ কৃষ্ণাঙ্গ এবং নিম্ন-আয়ের সম্প্রদায়ের সম্প্রদায়গুলিতে বিশেষ করে প্রচলিত, যেগুলি হাইওয়ে এবং মালবাহী হাবের কাছাকাছি অবস্থিত হওয়ার সম্ভাবনা বেশি। ACT নিয়মটি একটি দুর্দান্ত প্রথম পদক্ষেপ এবং এটি অন্যান্য নীতি এবং প্রোগ্রামগুলির সাথে অবশ্যই একত্রিত করতে হবে, যেমন বিদ্যমান ডিজেল সরঞ্জামগুলি প্রতিস্থাপন এবং পুনরুদ্ধার করা; বৈদ্যুতিক গাড়ির চার্জিং পরিকাঠামোর জন্য প্রণোদনা প্রতিষ্ঠা করা; এবং পরিবেশগত ন্যায়বিচার সংক্রান্ত সম্প্রদায়ের জন্য নির্গমন-হ্রাস ব্যবস্থা বাধ্যতামূলক করা।"

নিউ ইয়র্ক লিগ অফ কনজারভেশন ভোটারের (New York League of Conservation Voters) সভাপতি জুলি টাইগে বলেছেন, "নিউ ইয়র্কের গ্রিনহাউস গ্যাস নির্গমনের সবচেয়ে বড় উৎস হল পরিবহন খাত। অ্যাডভান্সড ক্লিন ট্রাক নিয়ম (ACT) নিউ ইয়র্কে মিডিয়াম ও হেভি যানবাহনের বিক্রিকে আগামী 15 বছরে ক্রমবর্ধমান পরিচ্ছন্ন, শূন্য-নির্গমনের যানের (ZEVs) দিকে এগিয়ে নিয়ে যায় এবং অপরিচ্ছন্ন জীবাশ্ম জ্বালানির ব্যবহার হ্রাস করে যা আমাদের বায়ুকে দূষিত করে বিশেষ করে পরিবেশগত ক্ষেত্রে ন্যায়বিচারের সম্প্রদায়গুলিতে। রাজ্যের নির্গমন হ্রাসের লক্ষ্যে পৌঁছানোর জন্য নিউ ইয়র্কের পরিবহনের খাতকে কার্বন মুক্ত করা অত্যাবশ্যক - ACT গ্রহণ করা সঠিক দিকে যাওয়ার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমরা গভর্নর হোচুল, কমিশনার সেগোস এবং DEC-কে এই বছর এই গুরুত্বপূর্ণ নীতি গ্রহণ করার জন্য সাধুবাদ জানাই।"

এনভায়রনমেন্টাল অ্যাডভোকেটস NY (Environmental Advocates NY)-এর নির্বাহী পরিচালক পিটার এম. ইওয়ানোভিজ বলেছেন, "এই নিয়মগুলির চূড়ান্তকরণ হল সকল নিউ ইয়র্কবাসীদের জন্য পরিষ্কার বাতাসের একটি উপহার, কিন্তু বিশেষ করে তাদের জন্য যারা এমন এলাকায় বাস করেন যেখানে প্রচুর অপরিচ্ছন্ন ডিজেলের ট্রাক ঘোরাফেরা করে। আমরা কৃতজ্ঞ যে গভর্নর হোচুল ট্রাকগুলি থেকে সেই দূষণ কমানোর জন্য কাজ করেছেন যা অনেক বেশি নিউ ইয়র্কবাসীদের অসুস্থ করে তোলে এবং অকাল মৃত্যুর দিকে নিয়ে যায়। এই নতুন নিয়মের মাধ্যমে, বর্তমান এবং ভবিষ্যতের প্রজন্ম আরও স্বাস্থ্যকর জীবনযাপন করবে।"

অ্যালায়েন্স ফর ক্লিন এনার্জি নিউ ইয়র্কের (Alliance for Clean Energy New York) নির্বাহী পরিচালক অ্যানি রেনল্ডস বলেছেন, "পরিচ্ছন্ন ট্রাকের নিয়মগুলির সাথে অগ্রসর হওয়ার মাধ্যমে নিউ ইয়র্ক জলবায়ুর ক্রিয়ায় এবং পরিষ্কার বাতাসের সন্ধানের ক্ষেত্রে নেতৃত্বের ভূমিকা বজায় রাখছে। এই নিয়মটি গ্রহণ করা হলে এখন নির্মাতাদের উৎপাদনের প্রক্রিয়া শুরু থেকে শেষ করার জন্য প্রয়োজনীয় সময় প্রদান করে যাতে নিউ ইয়র্ক আসন্ন বছরগুলিতে

পরিচ্ছন্ন মিডিয়াম এবং হেভি-ডিউটি যানবাহনগুলিকে গ্রহণ করতে পারে। এই পদক্ষেপটি নিউ ইয়র্কের জলবায়ু ক্রিয়ার পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102টি বিশাল মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে৷ সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে৷ জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন